# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩১০১

২৭/ আদব

পরিচ্ছেদঃ একপাত্রে দলবদ্ধভাবে খাবার সময় সাথীদের অনুমতি ছাড়া খেজুর বা অনুরূপ কোন ফল জোড়া জোড়া খাওয়া নিষেধ

### আরবী

عَن جَبَلَة بنِ سُحَيْمٍ قَالَ : أصَابَنَا عَامُ سَنَةٍ مَعَ ابنِ الزُّبَيْرِ ؛ فَرُزِقْنَا تَمْراً، وَكَانَ عَبدُ اللهِ بنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا يَمُرُّ بِنَا وَنَحنُ نَأكُلُ، فَيَقُولُ : لاَ تُقَارِنُوا فَإنَّ النَّبيَّ ﷺ نَهَى عنِ القِرَانِ ثُمَّ يَقُولُ : إلاَّ أنْ يَسْتَأذِنَ الرَّجُلُ أخَاهُ متفقٌ عَلَيْه

### বাংলা

(৩১০১) জাবালাহ ইবনে সুহাইম বলেন, ইবনে যুবাইরের খেলাফতকালে আমরা দুর্ভিক্ষে আক্রান্ত হয়েছিলাম। সুতরাং আমাদেরকে খেজুর দেওয়া হত। আর আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) আমাদের পাশ দিয়ে অতিক্রম করতেন, যখন আমরা তা আহার করতাম। তিনি বলতেন, ’তোমরা জোড়া জোড়া খেজুর এক সাথে খাবে না। কেননা, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জোড়া খেজুর (দুটো খেজুর এক সঙ্গে) খেতে বারণ করেছেন।’ তারপর বললেন, ’তবে যদি তার সঙ্গী ভাইয়ের কাছে সে অনুমতি গ্রহণ করে (তবে তা স্বতন্ত্র ব্যাপার)।’

### ফুটনোট

(বুখারী ৫৪৪৬, মুসলিম ৫৪৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জাবালাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66849

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন